

প্রকল্প সার সংক্ষেপ

১। প্রকল্পের নাম : কক্সবাজার জেলাধীন ক্ষতিগ্রস্ত পোল্ডারসমূহের পুনর্বাসন প্রকল্প (২য় সংশোধিত)

২। (ক) মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রণালয়

(খ) সংস্থা : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩। প্রকল্পের পটভূমি :

বঙ্গোপসাগর বেষ্টিত সর্বদক্ষিণের কক্সবাজার জেলার উপকূলীয় এলাকাকে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ এবং সাগরের লোনা পানির কবল হতে রক্ষার্থে ষাটের দশক ও পরবর্তী সময়ে ২১টি পোল্ডার নির্মিত হয়। পোল্ডারসমূহ নির্মাণ পরবর্তী দীর্ঘসময় ধরে উল্লেখযোগ্য কোন ধরনের মেরামত/পূর্ণবাসন কাজ হাতে না নেয়ায় সাগরের উচ্চ জোয়ার, বন্যা, সাইক্লোন, জলোচ্ছাস, উপকূলীয় জোয়ার-ভাটা ও টেউয়ের কারণে পোল্ডারসমূহ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়। তদুপরি জলবায়ু পরিবর্তনজনিত কারণে সাগরের পানির উচ্চতা বৃদ্ধি পাওয়ার ফলে বাঁধ উপচিয়ে পানি প্রবেশ জকরায় বাঁধের বিভিন্ন স্থানে ব্রীচসহ মারাত্মক ক্ষতিগ্রস্ত হয়। কক্সবাজার জেলায় বাপাউবোর অতি ক্ষতিগ্রস্ত পোল্ডারসমূহের পুনর্বাসনের লক্ষ্যে “কক্সবাজার জেলাধীন ক্ষতিগ্রস্ত পোল্ডারসমূহের পুনর্বাসন” শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়।

৪। প্রকল্পের উদ্দেশ্য

১) বঙ্গোপসাগরের উচ্চ জোয়ার, সাইক্লোন, জলোচ্ছাস এবং উপকূলীয় জোয়ার-ভাটা ও টেউয়ের কারণে মারাত্মক ক্ষতিগ্রস্ত কক্সবাজার জেলার অর্ন্তগত পোল্ডার নং-৬৪/২বি, ৬৬/১, ৬৫, ৬৭/বি, ৬৯ (নর্থ/ইস্ট), ৭০ এবং ৭১ সমূহের বেড়া বাঁধ সমূহের অংশবিশেষ (অধিকতর ক্ষতিগ্রস্ত অংশসমূহ) পুনর্বাসন করা।

২) ক্ষতিগ্রস্ত বেড়া বাঁধ সমূহকে পুনরায় ব্যবহার উপযোগী করে পোল্ডার সমূহের কাঙ্ক্ষিত সুবিধা প্রাপ্তি নিশ্চিত করা।

৫। প্রকল্প এলাকা

নির্বাচনী এলাকা	বিভাগ	জেলা	উপজেলা
২৯৪ কক্সবাজার-১	চট্টগ্রাম	কক্সবাজার	চকরিয়া ও পেকুয়া
২৯৫ কক্সবাজার-২	চট্টগ্রাম	কক্সবাজার	মহেশখালী ও কুতুবদিয়া
২৯৬ কক্সবাজার-৩	চট্টগ্রাম	কক্সবাজার	সদর ও রামু
২৯৭ কক্সবাজার-৪	চট্টগ্রাম	কক্সবাজার	উখিয়া ও টেকনাফ

৬। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ

লক্ষ টাকা

ডিপিপি	অনুমোদনের তারিখ	জিওবি	প্রকল্প সাহায্য	মোট
সংশোধিত	২৮ জুন ২০২০	৩৬২২০.৮২	-	৩৬২২০.৮২

৭। প্রকল্পের বাস্তবায়নকালঃ

ডিপিপি	আরম্ভ	সমাপ্তি
সংশোধিত	মার্চ ২০১৫	জুন ২০২১

৮। প্রকল্পের প্রধান অঙ্গসমূহঃ

লক্ষ টাকা

ক্রমিক নং	প্রধান অঙ্গসমূহ (ডিপিপি অনুযায়ী)	পরিমাণ	প্রাক্কলিত ব্যয়	প্রকল্পের অনুকূলে চূড়ান্ত ব্যয়
১	বঁধ নির্মাণ ও পুনরাকৃতিকরন	৫৯.৬৫৩ কিঃমিঃ	৬৯০৬.৯৭	৫৩৬৮.৩৮
২	স্লোপ প্রোটেকশনসহ সী-ডাইক নির্মাণ ও মেরামত	১৪.৩৭৬ কিঃমিঃ	২৬৩৪৯.৮২	২৪১০০.১৪
৩	পানি নিয়ন্ত্রণ অবকাঠামো	২ টি	৪২২.৫৩	৪২০.৭৮
৪	মাতামুহুরী নদীর তীর সংরক্ষণ কাজ	১.৪০০ কিঃমিঃ	১৫৭৩.৮২	১৫২৩.৯৭
৫	অন্যান্য (মাতামুহুরী নদীর পলি অপসারণ, ভবন মেরামত ইত্যাদি)	১ দফা	৯৬৭.৬৮	৬১৮.৪৪
মোট			৩৬২২০.৮২	৩২০৩১.৭১

৯। প্রকল্পের অগ্রগতি :

৩০ জুন, ২০২১ পর্যন্ত

লক্ষ টাকায়

আর্থিক	৩২০৩১.৭১
ভৌত	৯৬.০০% (সমাপ্ত)

১০। প্রকল্পের বর্তমান অবস্থাঃ

প্রকল্পটি ৬৪/২বি, ৬৬/১, ৬৫, ৬৭/বি, ৬৯ (নর্থ/ইষ্ট), ৭০ এবং ৭১ নং পোল্ডারে ৬টি উপজেলা (চকরিয়া, পেকুয়া, মহেশখালী, কুতুবদিয়া, সদর, রামু, উখিয়া ও টেকনাফ উপজেলা) নিয়ে বিস্তৃত ছিল। ভৌত কাজগুলো সমাপ্ত হয়েছে। প্রকল্পের কাজ শুরু হয় ২০১৫-১৬ অর্থ বছরে। বিগত ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত বঁধ নির্মাণ ও পুনরাকৃতিকরন ৩৬.৯৮ কিঃমিঃ, স্লোপ প্রোটেকশনসহ সী-ডাইক নির্মাণ ও মেরামত ৮.৭৭ কিঃমিঃ, পানি নিয়ন্ত্রণ অবকাঠামো ২টি, মাতামুহুরী নদীর তীর সংরক্ষণ কাজ ১.২৪৬ কিঃমিঃ ও অন্যান্য কাজ সম্পন্ন করা হয় (অর্থ ব্যয় হয় ২২৪২৫.৮৮ লক্ষ টাকা)। শুধু বিগত ২০২০-২১ অর্থ বছরে বঁধ নির্মাণ ও পুনরাকৃতিকরন ২০.৯৮ কিঃমিঃ, স্লোপ প্রোটেকশনসহ সী-ডাইক নির্মাণ ও মেরামত ৪.৮১ কিঃমিঃ, মাতামুহুরী নদীর তীর সংরক্ষণ কাজ ০.১৫৪ কিঃমিঃ ও অন্যান্য কাজ সম্পন্ন করা হয় (অর্থ ব্যয় হয় ৯৬০৫.৮৪ লক্ষ টাকা)। এখানে উল্লেখ্য যে, পোল্ডার ৭০ (মাতারবাড়ি, মহেশখালী) এ অন্যান্য সরকারি প্রতিষ্ঠান কর্তৃক স্লোপ প্রোটেকশনসহ বঁধ নির্মাণ কাজের বাস্তবায়ন আরম্ভ হওয়ায় দ্বৈততা পরিহার করার লক্ষ্যে ও কারিগরি কমিটির মতামতের ভিত্তিতে অবশিষ্ট বঁধ নির্মাণ ও পুনরাকৃতিকরন কাজ ও স্লোপ প্রোটেকশনসহ সী-ডাইক নির্মাণ ও মেরামত কাজের অংশ বাদ দেওয়া হয়েছে। প্রকল্প বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় পোল্ডারসমূহের অধিক ঝুঁকিপূর্ণ ভাঙন কবলিত অংশগুলো সুরক্ষিত হয়েছে।



মাতামুহুরী নদীর তীর সংরক্ষণ, কুচপাড়া



বাঁধের ঢাল সংরক্ষণ (পোন্ডার নং ৬৪/২ বি, মগনামা, পেকুয়া)